গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

# ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি’

## প্রতিষ্ঠান প্রধান/বিষয় শিক্ষক/সহায়ক শিক্ষক/শিক্ষার্থীগণের করণীয় বিষয়ক নির্দেশিকা

১। প্রতিষ্ঠান পর্যায়ে ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধকে জানি’ কার্যক্রমের সার্বিক তত্ত্বাবধান করবেন প্রতিষ্ঠান প্রধান।

২। প্রতিষ্ঠান প্রধান মাউশি থেকে জারিকৃত পরিপত্র ও সময়াবদ্ধ পরিকল্পনা (স্মারক নং-৩৭.০২.০০০০.১০৮.০৩২.০৭.২০১৯/১৯৯৩/বিশেষ, তারিখ:১৮-০৭-২০১৯ খ্রি:) এবং এই নির্দেশিকা মোতাবেক কার্যক্রমের সকল নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কি না তা তদারকি করবেন এছাড়াও নির্দিষ্ট সময়ে (৭ই আগস্ট ২০১৯ এর মধ্যে) প্রাথমিক পরিকল্পনা গ্রহণ, দল গঠন এবং শিক্ষার্থীগণের প্রাথমিক অনুশীলন সম্পন্ন হয়েছে কি না সে বিষয়ে নিশ্চিত হবেন।

৩। প্রতিষ্ঠান প্রধান বাংলা বিষয়ের সকল শিক্ষক, অন্যান্য বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক এবং ৭ম শ্রেণির সকল শিক্ষার্থীর নিকট পরিপত্র, সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং এই নির্দেশিকার অনুলিপি পৌছে দেওয়ার ব্যবস্থা করবেন।

৪। ৭ম শ্রেণির বাংলা বিষয়ের শিক্ষকগণ তাদের স্ব স্ব শাখার সকল শিক্ষার্থীর দলভিত্তিক তালিকা প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দেবেন।

৫। প্রতিষ্ঠান প্রধান প্রতি দলের জন্য একজন করে সহায়ক শিক্ষক মনোনীত করবেন।

৬। প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রয়োজন ও বিবেচনা অনুযায়ী বাংলা বিষয়ের শিক্ষকগণসহ অন্যান্য বিষয়ের শিক্ষকগণকেও এই কাজে সংযুক্ত করতে পারবেন।

৭। সংযুক্ত সহায়ক শিক্ষকগণ নিজ নিজ দলের শিক্ষার্থীদের সঙ্গে বসে সাক্ষাৎকার গ্রহণের বিষয়ে সার্বিক পরিকল্পনা প্রণয়ন করবেন।

৮। সহায়ক শিক্ষকের তত্ত্বাবধানে শিক্ষার্থীরা তাদের কাজগুলো ভাগ করে নেবে।

৯। শিক্ষকের সাহায্য নিয়ে শিক্ষার্থী প্রশ্নমালাসমূহ বারবার পড়ে প্রশ্নের মূল বক্তব্য আত্মস্থ করবে যাতে সাক্ষাৎকার গ্রহণের সময় তারা নিজের মত করে ভাষায় উপস্থাপন করতে পারে।

১০। সহায়ক শিক্ষকের সহায়তায় শিক্ষার্থীগণ সাক্ষাৎকারদাতা নির্বাচন, সাক্ষাৎকার গ্রহণের সম্ভাব্য স্থান/তারিখ/সময় নির্ধারণ, সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ, ভিডিও ধারণ, প্রতিবেদন তৈরি এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলা শিক্ষকের কাছে জমাদানসহ সকল বিষয়ে কর্মকৌশল ঠিক করবে।

১১। সাক্ষাৎকারদাতা নির্বাচনের লক্ষ্যে শিক্ষার্থীগণ সহায়ক শিক্ষককে সাথে নিয়ে এলাকায় বসবাসরত মুক্তিযোদ্ধা, শহিদ অথবা প্রয়াত মুক্তিযোদ্ধার নিকটজন এবং মুক্তিযুদ্ধে প্রত্যক্ষ অভিজ্ঞতা অর্জনকারী ব্যক্তি সম্বন্ধে তথ্য সংগ্রহ করবে।

১২। সহায়ক শিক্ষক প্রাপ্ত তথ্যের নির্ভরযোগ্যতা নিশ্চিত করার জন্য স্থানীয় সকল উৎসের সাহায্য নিবেন।

১৩। সাক্ষাৎকারদাতা নির্বাচনের পর সহায়ক শিক্ষক প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করবেন।

১৪। সহায়ক শিক্ষক সাক্ষাৎকারদাতার নাম ও শিক্ষার্থীগণের তালিকা উল্লেখ করে প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে আনুষ্ঠানিক অনুমতি গ্রহণ করবেন।

১৫। সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানের পক্ষ থেকে একটি অনুরোধ পত্রসহ সহায়ক শিক্ষক সাক্ষাৎকারদাতার সংগে যোগাযোগ করবেন এবং এই কার্যক্রমের উদ্দেশ্য সম্বন্ধে তাকে অবগত করবেন।

১৫। সহায়ক শিক্ষক সাক্ষাৎকারদাতার সম্মতি নিয়ে সাক্ষাৎকার গ্রহণের স্থান, তারিখ ও সময় চূড়ান্ত করবেন।

১৬। সাক্ষাৎকার গ্রহণের জন্য পর্যাপ্ত আলো আছে এবং শব্দ বা কোলাহল কম, এমন একটি স্থান নির্বাচন করতে হবে।

১৭। সাক্ষাৎকার গ্রহণের শুরুতে শিক্ষার্থীগণ সাক্ষাৎকার দাতাকে পুষ্পস্তবক দিয়ে শুভেচ্ছা জানাবে।

১৮। শিক্ষার্থীগণ সাক্ষাৎকার দাতার প্রতি পূর্ণ শ্রদ্ধা ও সম্মান প্রর্দশন করবে এবং তাঁর কুশলাদি জেনে নিয়ে মূল সাক্ষাৎকার পর্ব শুরু করবে।

১৯। সাক্ষাৎকার পর্বে যাতে পূর্ণ শৃঙ্খলা বজায় থাকে সহায়ক শিক্ষক সে বিষয়টি নিশ্চিত করবেন।

২০। শিক্ষার্থীদের মধ্যে যারা প্রশ্ন করবে এবং যারা উত্তর লিখবে তাদের প্রত্যেকের কাছে ১ সেট প্রশ্নমালা থাকতে হবে।

২১। সকলের হাতে যাতে সঠিক প্রশ্নমালা থাকে তা সহায়ক শিক্ষক নিশ্চিত করবেন। যেমন একজন মুক্তিযোদ্ধার সাক্ষাৎকার গ্রহণ করতে গেলে প্রশ্নমালা ১ এর প্রয়োজনীয় সংখ্যক কপি নিয়ে যেতে হবে।

২২। শিক্ষার্থীদের মধ্য থেকে ৩/৪ জনকে প্রশ্ন করার দায়িত্ব দেওয়া যেতে পারে।

২৩। প্রশ্নকারী শিক্ষার্থীগণ যাতে প্রশ্নপত্র থেকে প্রশ্নগুলো হুবহু পাঠ না করে সে বিষয়ে সহায়ক শিক্ষক লক্ষ রাখবেন।

২৪। প্রশ্নকারীদের মধ্যে প্রশ্নগুলো পূর্বেই ভাগ করে দেওয়া যেতে পারে।

২৫। প্রশ্নকারীগণ সাক্ষাৎকারদাতার কাছাকাছি বসবে যাতে ভিডিও ও অডিও দুটোই কাছ থেকে ভালভাবে ধারণ করা যায়। সহায়ক শিক্ষক বিষয়গুলো নিশ্চিত করবেন।

২৬। দ্রুত গতিতে লেখার দক্ষতা রয়েছে এমন বিবেচনায় ৩/৪ জন শিক্ষার্থীকে সাক্ষাৎকারদাতার বক্তব্য লেখার দায়িত্ব দেওয়া যেতে পারে।

২৭। অধিকাংশ প্রশ্নের উত্তর 'উন্মুক্ত সীমা সম্পন্ন' (Open ended) হওয়ায় লেখার দায়িত্বে থাকা শিক্ষার্থীদের কাছে পর্যাপ্ত কাগজ থাকতে হবে। কী পরিমাণ কাগজ তাদের দরকার পড়তে পারে তা আগে থেকে ঠিক করে নিতে হবে। অতিরিক্ত কাগজে আগে থেকেই পৃষ্ঠা নম্বর দিয়ে রাখতে হবে।

২৮। পালাক্রমে ২জন শিক্ষর্থী ভিডিও করার দায়িত্ব দিতে হবে যাতে তাদের ছবিও ভিডিওচিত্রে অর্ন্তভুক্ত হয়।

২৯। ভিডিও ধারণ করার সময় কোনা দল ভিডিও ক্যামেরা ব্যবহার করলে ক্যামেরার সাথে তারযুক্ত মাইক্রোফোন ব্যবহার করতে হবে যাতে ভিডিওর সাথে অডিও অংশটিও ভালোভাবে ধারণ করা যায়।

৩০। ক্যামেরাযুক্ত মোবাইল ফোন ব্যবহার করেও ভিডিও করা যেতে পারে। এ ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়ে সর্তকতা অবলম্বন করতে হবে:

ক) মূল সাক্ষাৎকার পর্বে খুব কাছ থেকে (ক্লোজ শটের মাধ্যমে) ভিডিও ধারণ করতে হবে যাতে সাক্ষাৎকারদাতা ও প্রশ্নকারীদের ভিডিও ও অডিও একসাথে ধারণ করা যায়।

খ) মূল সাক্ষাৎকার পর্ব শেষ হলে শিক্ষার্থীগণ সাক্ষাৎকার দাতার সঙ্গে ১০ মিনিট মতবিনিময় করবে যে অংশটুকুর ভিডিও সামান্য দূর থেকে (লং শটের মাধ্যমে) ধারণ করা হবে যেখান থেকে সকলের ছবি বিভিন্ন এঙ্গেল থেকে আলাদাভাবে এবং একত্রে ধারণ করা যাবে।

গ) মোবাইলে ভিডিও ধারণ করার আগেই পূর্ণচার্জ আছে কি না তা দেখে নিতে হবে। তবে চার্জের বিকল্প উৎস হিসেবে দলের কাছে চার্জার/মালটিপ্লাগ কিংবা পাওয়ার ব্যাংকের ব্যবস্থা রাখা যেতে পারে।

ঘ) এ কাজে নতুন, অব্যবহৃত এবং ন্যূনতম ১জিবি স্পেস ধারণ ক্ষমতাসম্পন্ন ১টি মেমোরিকার্ড ব্যবহার করা যেতে পারে।

ঙ) সম্ভব হলে একাধিক মোবাইলের মাধ্যমে সাক্ষাৎকার পর্বটি ধারণ করা যেতে পারে। কেননা ১ম মোবাইল ফোনের ধারণ করা অডিও-ভিডিওতে সমস্যা পাওয়া গেলে ২য়টি বিকল্প হিসেবে কাজ করবে।

৩১। দলের সদস্য হিসেবে সকল শিক্ষার্থী যাতে কোনো না কোনো কাজে অবদান রাখতে পারে সে বিষয়টি সহায়ক শিক্ষক নিশ্চিত করবেন।

৩২। সাক্ষাৎকার গ্রহণ শেষে শিক্ষার্থীগণ সাক্ষাৎকারদাতার প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ স্বরূপ ১/২টি দেশাত্মবোধক গান পরিবেশন করতে পারে অথবা কবিতা আবৃত্তি করতে পারে।

৩৩। সাক্ষাৎকারদাতা মুক্তিযোদ্ধা হলে তাঁর প্রতি বিশেষ সম্মান জানিয়ে শিক্ষার্থীগণ দলবদ্ধভাবে দাঁড়িয়ে স্যালুট প্রদর্শন করতে পারে।

৩৪। সহায়ক শিক্ষক সাক্ষাৎকার পর্বের সকল অংশের স্থিরচিত্রসমূহ ধারণ করবেন।

৩৫। শিক্ষার্থীগণ সাক্ষাৎকারদাতার কাছ থেকে মুক্তিযুদ্ধ বিষয়ক স্মৃতি থাকলে তার আলোকচিত্র সংগ্রহ করবে।

৩৬। সংশ্লিষ্ট এলাকায় মুক্তিযুদ্ধের স্মৃতি বিজরিত কোনো রণাঙ্গন, গণকবর ও বধ্যভূমি থাকলে সাক্ষাৎকার গ্রহণের আগে বা পরে সেই শিক্ষার্থীগণ স্থানগুলো পরিদর্শন করবে এবং উক্ত স্থানসমূহের ভিডিওচিত্র ধারণ করবে।

৩৭। শিক্ষার্থীগণ সাক্ষাৎকার গ্রহণ, পরিদর্শন, অডিও – ভিডিও ধারণ, প্রতিবেদন তৈরিসহ যাবতীয় কাজ সম্পন্ন করে তা বাংলা বিষয়ের শিক্ষকের নিকট ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে জমা দিবে।

৩৮। পরবর্তীতে বাংলা বিষয়ের শিক্ষকগণ কর্তৃক প্রতিবেদন ও ভিডিওচিত্রের মূল্যায়ন ও নম্বর প্রদান, সকল প্রতিবেদন ও ভিডিওচিত্রের সেরা অংশের সমন্বয়ে ডকুমেন্টারি তৈরি ও উপজেলা কমিটির নিকট প্রেরণের কাজ ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে সুষ্ঠুভাবে সম্পন্ন করার বিষয়টি নিবিড়ভাবে তত্ত্বাবধান করবেন প্রতিষ্ঠান প্রধান।

৩৯। সময়াবদ্ধ কর্মপরিকল্পনার নির্দেশনা অনুযায়ী যাতে প্রতিটি দলের প্রাপ্ত নম্বর তাদের বার্ষিক পরীক্ষার ধারাবাহিক মূল্যায়ণ অংশ হিসেবে যোগ হয় প্রতিষ্ঠান প্রধান তা নিশ্চিত করবেন।

৪০। ১৬ই ডিসেম্বর ২০১৯ এর বিজয় দিবসের অনুষ্ঠানে সেরা ৩টি প্রতিবেদন ও ভিডিওচিত্র প্রদর্শনসহ সেরা দলগুলোর শিক্ষার্থীগণকে পুরস্কৃত করার বিষয়টিও তত্ত্বাবধান করবেন প্রতিষ্ঠান প্রধান।